

৮ম শ্রেণি

Assignment on “সীরাত ইবনে হিশাম”

- ১। সীরাহ আমরা কেন পড়বো?
- ২। কোন বছর, কোন গোত্রে রাসূল ﷺ জন্মগ্রহণ করেন? তাঁর গোত্র সম্পর্কে কী বলা হয়?
- ৩। “ইয়াতীম হলেও রাসূল ﷺ অসহায় ছিলেন না” - ব্যাখ্যা কর।
- ৪। আরবের তখনকার প্রথা ছিল সদ্যজাত শিশুকে মরুভূমিতে বসবাসকারী বিভিন্ন গোত্রে দুধ-মার কাছে পাঠিয়ে দেওয়া। কেন?
- ৫। রাসূলের ﷺ দুধ মা কে ছিলেন? তাঁর গোত্র কী ছিলো? ঐ গোত্রে লালিত পালিত হওয়ার কী ভালো দিক রাসূলের ﷺ মাঝে লক্ষ্য করা যায়?
- ৬। দুধ-মার কাছে থাকাকালীন রাসূল ﷺ কী করতেন? এই কাজের প্রভাব পরবর্তীতে কী ছিল?
- ৭। বক্ষ বিদারণ কী? অল্প কথায় লিখ। এর পিছনে কী কারণ ছিল?
- ৮। রাসূল ﷺ কী কাজ করে জীবিকা নির্বাহ করতেন?
- ৯। “তিনি উম্মি নবী ছিলেন” এই বক্তব্যের তাৎপর্য কী?
- ১০। কুরাইশদের কাছে তিনি কেমন চরিত্রের মানুষ ছিলেন? দু’একটি ঘটনার সংক্ষিপ্ত উল্লেখ কর।
- ১১। সাফা পাহারের ঘটনার তাৎপর্য কী?
- ১২। জ্ঞান অর্জন ইসলামে অত্যন্ত গুরুত্বপূর্ণ, রাসূলের ﷺ নবুওয়াতপ্রাপ্তির সময়ের কোন ব্যাপারে এটি জানা যায়?
- ১৩। রাসূলের ﷺ ইসলাম প্রচার প্রতিরোধের জন্য কুরাইশরা কী পদক্ষেপ নিয়েছিলো?
- ১৪। ইসলাম প্রচারের ক্ষেত্রে অনেক বাধা বিপত্তি এসেছিলো — সে সময় রাসূলের ﷺ পাশে কারা দাঁড়িয়েছিলেন? কীভাবে সাহায্য করেছিলেন?
- ১৫। ইসলামের প্রাথমিক সময়ে রাসূল ﷺ কোনদিকে ফিরে সালাত আদায় করতেন?
- ১৬। হামজা (রাঃ) কে ছিলেন? তিনি কেন ইসলাম গ্রহণ করেন?
- ১৭। ইসলামের প্রথম শহীদ কে?

- ১৮। কীভাবে দুর্বল মুসলিম এবং ক্রীতদাসদের উপর অত্যাচার করা হতো?
- ১৯। তৎকালীন কুরাইশদের শিরক কী ধরনের ছিলো?
- ২০। সূরা মুদাসসিরে রাসূল ﷺ কে উঠে দাড়ানোর নির্দেশ দেওয়া হয়েছিল - এর অর্থ কী?
- ২১। রাসূলের ﷺ ঘরের মানুষরা প্রথম ইসলাম গ্রহণ করেছিলেন — এ থেকে কী বোঝা যায়?
- ২২। আবিসিনিয়ায় হিজরত কখন ও কেন ঘটেছিল? সেখানে কী কী ঘটনা ঘটেছিল?
- ২৩। বয়কট করার ঘটনাটি সংক্ষেপে লিখ।
- ২৪। শোকের বছর কোনটি? কেন?
- ২৫। রাসূলের ﷺ জীবনের সবচেয়ে কষ্টের দিন কোনটি ছিল? সংক্ষেপে লিখ।
- ২৬। তায়েফ থেকে মক্কায় প্রবেশের সময় রাসূল ﷺ কে নিরাপত্তা দেন কে? এই নিরাপত্তা দেয়ার বিষয়টি কী?
- ২৭। মি'রাজের ঘটনা কখন ঘটেছিল? এর তাৎপর্য কী?
- ২৮। নাজ্জাশীর দরবারে জাফর (রাঃ) এর ভাষণ থেকে আরবের তৎকালীন অবস্থার কী পরিচয় পাওয়া যায়?
- ২৯। আকাবার বাইয়াতসমূহ সম্পর্কে সংক্ষেপে লেখ।